

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(কাস্টমস ও মূল্য সংযোজন কর)

প্রজ্ঞাপন

তারিখ: ১২ আষাঢ়, ১৪৩১ বঙ্গাব্দ/২৬ জুন, ২০২৪ খ্রিষ্টাব্দ

এস.আর.ও. নং- ২৪১-আইন/২০২৪/৮৩/কাস্টমস।— সরকার, কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন) এর ধারা ২৬৩ ও দ্বিতীয় তফসিল এর ক্রমিক ৭, ১১, ৩২, ৩৫ এর সহিত পঠিতব্য এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১৩৫ এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, সরাসরি রপ্তানিমূল্য পোশাক শিল্প প্রতিষ্ঠান (ওয়্যারহাউস পদ্ধতির আওতায় সাময়িক আমদানি, ওয়্যারহাউস পরিচালনা ও কার্যপদ্ধতি) বিধিমালা, ২০২৪ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত বিধিমালার-

- (ক) বিধি ৭ এর উপ-বিধি (৪) এ উল্লিখিত “রপ্তানিকৃত পণ্যের এক-তৃতীয়াংশ” শব্দগুলি ও চিহ্নের পরিবর্তে “৬ (ছয়) মাসের রপ্তানিকৃত” সংখ্যা, বন্ধনী ও শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;
 - (খ) বিধি ১২ এর উপ-বিধি (১) এ উল্লিখিত “৬০ (ষাট)” সংখ্যা, বন্ধনী ও শব্দের পরিবর্তে “৯০ (নবাই)” সংখ্যা, বন্ধনী ও শব্দ প্রতিস্থাপিত হইবে;
 - (গ) বিধি ১৩ এর উপ-বিধি (১) এর দফা (৩), (৪), (ট), (ঠ), (ড) ও (ঢ) এর পরিবর্তে নিম্নবর্ণিত দফা (৩), (৪), (ট), (ঠ) ও (ড) প্রতিস্থাপিত হইবে, যথা:-
- “(ঢ) পণ্যের অবৈধ অপসারণজনিত কারণে কোনো মামলা বা দাবিনামা অনিষ্টন থাকিলে চুক্তিভিত্তিক উৎপাদনের অনুমতির জন্য সংশ্লিষ্ট কমিশনারের নিকট আবেদন করিতে হইবে এবং কমিশনার স্থানান্তরযোগ্য পণ্য চালানের উপর আরোপণীয় শুল্ক ও করের সম্পরিমাণ নিঃশর্ত ও অব্যাহত ব্যাংক গ্যারান্টি গ্রহণ করিয়া স্থানান্তরের অনুমতি প্রদান করিবেন এবং স্থানান্তরিত পণ্য প্রক্রিয়াকরণপূর্বক মূল উৎপাদকের কারখানায় ফেরত আসিবার পর সংশ্লিষ্ট কমিশনার ব্যাংক গ্যারান্টি অবমুক্তকরণের আদেশ প্রদান করিবেন;

- (এ) সংশ্লিষ্ট কমিশনারেট এবং রপ্তানিকারকগণের সংগঠন চুক্তিভিত্তিক উৎপাদনের ক্ষেত্রে চুক্তি সম্পাদনকারী উৎপাদকের নাম, Business Identification Number (BIN), স্থানান্তরযোগ্য পণ্যের সহিত সংশ্লিষ্ট মাস্টার খণ্ডপত্র/ ব্যাক টু ব্যাক খণ্ডপত্র/ সেলস কন্ট্রাক্ট নম্বর, জাহাজীকরণের সর্বশেষ তারিখ, বিল অব এন্ট্রি নং ও তারিখ, পণ্যের নাম ও পরিমাণ এবং পণ্য ফেরতের সর্বশেষ তারিখ উল্লেখপূর্বক স্থায়ীভাবে তথ্য সংরক্ষণ করিবেন;
- (ট) চুক্তি সম্পাদনকারী প্রতিষ্ঠানসমূহের বার্ষিক নিরীক্ষার সময় চুক্তিসমূহে উল্লিখিত সময়ের মধ্যে তাহা যথাযথভাবে সম্পাদন করা হইয়াছে কি-না এবং চুক্তিসমূহের বিপরীতে বৈদেশিক মুদ্রায় মূল্য পরিশোধের ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংকের Guidelines for Foreign Exchange Transactions, 2018(Vol-1) এর বিধানাবলি অনুসরণ করা হইয়াছে কি-না তাহা সংশ্লিষ্ট কান্ট্রমস অফিসার পুর্ণানুপূর্খভাবে যাচাই করিয়া দেখিবেন;
- (ঠ) সাব-কন্ট্রাক্ট মূল্য স্থানীয় খণ্ডপত্রের বিপরীতে বৈদেশিক মুদ্রায় পরিশোধযোগ্য হইবে, তবে স্থানীয় মুদ্রায় সাব-কন্ট্রাক্ট সম্পাদিত হইলে বোর্ডের এতদসংক্রান্ত নির্দেশনা অনুসরণ করিয়া সংশ্লিষ্ট মুসক কমিশনারেটের নিকট হইতে মুসক অব্যাহতির অনুমোদন গ্রহণ করিতে হইবে;
- (ড) প্রতিষ্ঠানের বন্দ লাইসেন্স ও Business Identification Number (BIN) স্থগিত থাকাকালে সাব-কন্ট্রাক্টের অনুমতি প্রদান করা যাইবে না;”;
- (ঘ) বিধি ১৪ এর দফা (চ) এ উল্লিখিত “তিন মাসের” শব্দগুলির পরিবর্তে “১২০ (একশত বিশ) দিনের” সংখ্যা, বক্তব্য ও শব্দগুলি প্রতিস্থাপিত হইবে; এবং
- (ঙ) বিধি ২০ এর উপ-বিধি (১) এ উল্লিখিত “দুই কর্ম দিবসের” শব্দগুলির পরিবর্তে “৩ (তিন) কর্মদিবসের” সংখ্যা, বক্তব্য ও শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-
আবু হেনা মোঃ রহমাতুল মুনিম
সিনিয়র সচিব।